

# 💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯১১

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৪. প্রথম অনুচ্ছেদ - অনুগ্রহ ও স্বজনে সদাচার

بَابُ الْبِرِّ وَالصِلَّةِ

### আরবী

عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَجُلُ: يَا رَسُولَ اللَّهِ مَنْ أَحَقُّ بِحُسْنِ صَحَابَتِي؟ قَالَ: ﴿أُمَّكَ》. قَالَ: ثُمَّ مَنْ؟ قَالَ: ﴿أُمَّكَ》. قَالَ: ثُمَّ مَنْ؟ قَالَ: ﴿أُمَّكَ》. قَالَ: ثُمَّ مَنْ؟ قَالَ: ﴿أُمَّكَ》 . قَالَ: ثُمَّ مَنْ؟ قَالَ: ﴿أُمَّكَ ثُمَّ أُمَّكَ ثُمَّ أُمَّكَ ثُمَّ أَبَاكَ ثُمَّ أَبَاكَ ثُمَّ أُدناك أدناك》. مُتَّفق عَلَيْهِ وَفِي رِوَايَةٍ قَالَ: ﴿أُمَّكَ ثُمَّ أُمَّكَ ثُمَّ أُبَاكَ ثُمَّ أَبَاكَ ثُمَّ أَبَاكَ ثُمَّ أَبَاكَ ثُمَّ أَبَاكَ مُ

#### বাংলা

৪৯১১-[১] আবৃ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, জনৈক ব্যক্তি জিজ্ঞেস করল, হে আল্লাহর রসূল! আমার সাহচর্যে আমার সদাচার পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকারী কে? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ ''তোমার মা''। লোকটি বলল, তারপর কে? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ ''তোমার মা''। লোকটি পুনরায় জিজ্ঞেস করল, তারপর কে? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ ''তোমার মা''। লোকটি আবারো জিজ্ঞেস করল, তারপর কে? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ ''তোমার বাবা''। অপর এক বর্ণনায় আছে যে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ তোমার মা, অতঃপর তোমার মা, অতঃপর তোমার বাবা, তারপর তোমার নিকট আত্মীয়-স্বজন এবং বন্ধু-বান্ধব। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: বুখারী ৫৯৭১, মুসলিম ১-(২৫৪৮), ইবনু মাজাহ ২৭০৬ আবূ দাউদ ৫১৩৯, সহীহুল জামি' ১৩৯৯, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৮৯৫, আহমাদ ৯০৮১, মুসনাদে আবূ ই'য়ালা ৬০৯২, শু'আবুল ঈমান ৭৮৩৯, 'ত্বারানী'র আল মু'জামুল কাবীর ১৬৩২৩, আল মু'জামুল আওসাত্ব ৫০৬৫, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৬১৭২।

#### ব্যাখ্যা



ব্যাখ্যাঃ (جاء رَجُلٌ) প্রশ্নকারী সাহাবীর নাম সম্ভবত মু'আবিয়াহ্ ইবনু হায়দাহ্। তিনি বাহয ইবনু হাকীম এর দাদা ছিলেন। ইমাম বুখারী তাঁর "আল আদাবুল মুফরাদ" গ্রন্থে বর্ণনা করেছেন, মু'আবিয়াহ্ ইবনু হায়দাহ্ বলেন, ঠা : قال أمك আমি বললামঃ হে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম! সদ্যবহার পেতে কে অগ্রগণ্য? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তোমার মা ...."- (আল আদাবুল মুফরাদ হাঃ ৩)। (ফাতহুল বারী ১০ম খন্ড, হাঃ ৫৯৭১)

(ప్రేట్) সর্বপ্রথম সদ্যবহার পাওয়ার হকদার মা, তারপর পিতা, তারপর ছেলে-মেয়ে, তারপর দাদাগণনানাগণ, রক্তসম্পর্কীয় মাহরাম আত্মীয়গণ। যেমন : চাচা ও ফুফুগণ, মামা ও খালাগণ। এরপর পর্যায়ক্রমের নিকট
আত্মীয়গণ। এরপর রক্তসম্পর্কীয় গায়রে মাহরাম (যাদের সাথে বিবাহ হালাল বা বৈধ) যেমন- চাচতো ভাই,
চাচাতো বোন, মামাতো ভাই, মামাতো বোন ইত্যাদি। এরপর শুশুর বাড়ীর আত্মীয়দের সাথে সদাচরণ করতে
হবে। এরপর খাদেম বা কর্মচারীদের সাথে স্তর অনুযায়ী। এরপর প্রতিবেশীদের সাথে। এর মধ্যে যার বাড়ীর
কাছে সে বেশি হকদার, এভাবে পর্যায়ক্রমে দূরের। (শারহুন নাবাবী ১৬শ খন্ড, হাঃ ১-[২৫৪৮])

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন